

“শিক্ষা নিয়ে গড়ব দেশ
শেখ হাসিনার বাংলাদেশ”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ারলেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক: নং-৫৭.২৫.০০০০.০০২.১৭.০২৩.১৮- ০২০

তারিখ: ০৭.১০.২০১৮ খ্রি.

বিষয়: কুমিল্লা জেলার বরুড়া উপজেলাধীন সোনাইমুড়ী ফাযিল (স্নাতক) মাদরাসার উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আব্দুর রহমান এর বকেয়া বেতন-ভাতা সংক্রান্ত আবেদন নিষ্পত্তিকরণ প্রসঙ্গে।

সূত্র: (১) সোনাইমুড়ী ফাযিল (স্নাতক) মাদরাসার স্মারক নং- সো. ফা. মা-৯২/১৭

তারিখ: ১৫.০৭.২০১৭ খ্রি.


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রে বর্ণিত (১) নং পত্রে কুমিল্লা জেলার বরুড়া উপজেলাধীন সোনাইমুড়ী ফাযিল (স্নাতক) মাদরাসার উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আব্দুর রহমান গভর্ণিং বডি কর্তৃক সাময়িক বরখাস্ত থাকাকালীন ফেব্রুয়ারী/২০১৬ খ্রি. তারিখ হতে মে/২০১৬ খ্রি. তারিখ পর্যন্ত ৭২,৫৬২/- (বাহাত্তর হাজার পাঁচ শত বাষট্টি) টাকা বকেয়া বেতন ভাতার সরকারি অংশের টাকা প্রাপ্তির জন্য ভারপ্রাপ্ত অধ্যক্ষ কর্তৃক আবেদন করেছেন।

০২. আবেদনটি পর্যালোচনা করে দেখা যায় যে, ১১.০২.২০১৬ খ্রি. তারিখ হতে ১১.০৩.২০১৭ তারিখ পর্যন্ত গভর্ণিং বডি কর্তৃক উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আব্দুর রহমানকে উশুংখল ও অসদাচারনের কারনে সাময়িক বরখাস্ত করা হয়েছে। পরবর্তীতে মাদরাসার গভর্ণিং বডির ২১.০৫.২০১৭ খ্রি. তারিখের সভায় ১১২/১৭ নং রেজুলেশনের মাধ্যমে উপাধ্যক্ষ জনাব মুহাম্মদ আব্দুর রহমানের সাময়িক বরখাস্তকরণ আদেশ প্রত্যাহার করে দায়িত্ব প্রদান করা হয়েছে।

০৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদে উল্লেখ আছে “প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী ও ব্যবস্থাপনা কমিটির মধ্যকার অভ্যন্তরীণ বিরোধের কারণে বা তাদের মধ্যে সৃষ্ট মামলার কারণে বেতন-ভাতাদির সরকারি অংশ উত্তোলন সম্ভব না হলে পরবর্তীতে বকেয়া হিসাবে তা এম.পি.ও খাত থেকে উত্তোলন করা যাবে না। সংশ্লিষ্ট প্রতিষ্ঠান এর আর্থিক দায়-দায়িত্ব বহন করবে।”

০৪. উপরিউক্ত আবেদনটি বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ এর নির্দেশনার অন্তর্ভুক্ত বিষয় মহোদয়ের আবেদনটি সেমতে নিষ্পত্তিযোগ্য।

০৫. এমতাবস্থায়, বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ এর ১৮(৪) অনুচ্ছেদ অনুযায়ী পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য অধ্যক্ষ, সোনাইমুড়ী ফাযিল (স্নাতক) মাদরাসাকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(মো: আবদুল মুকীত)

সহকারী পরিচালক (অর্থ)

মাদরাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা

ই-মেইলঃ adfinance.dme@gmail.com

অধ্যক্ষ,

সোনাইমুড়ী ফাযিল (স্নাতক) মাদরাসা।

ডাক: সোনাইমুড়ী বাজার, উপজেলা: বরুড়া, জেলা: কুমিল্লা।

অনুলিপি:

১। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদরাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুল ভবন (৯ম তলা) সচিবালয় লিংক রোড ঢাকা।

২। উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, চট্টগ্রাম অঞ্চল।

৩। জেলা শিক্ষা অফিসার, কুমিল্লা।

৪। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, বরুড়া, কুমিল্লা।

৫। সভাপতি, সোনাইমুড়ী ফাযিল (স্নাতক) মাদরাসা, ডাক: সোনাইমুড়ী বাজার, উপজেলা: বরুড়া, জেলা: কুমিল্লা।

৬। জনাব মুহাম্মদ আব্দুর রহমান, উপাধ্যক্ষ, সোনাইমুড়ী ফাযিল (স্নাতক) মাদরাসা।

৭। অফিস কপি।